গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)।
www.kurigram.gov.bd

স্মারক নং- ৫১.০১.৪৯০০.০০০.৪১.০৮০.২২-৮৯

তারিখঃ- ২৫ মাঘ ১৪২৯ / ০৮ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা অনুমোদন ও উপ-বরাদ্দ প্রসংগে।

সূত্রঃ ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০০৭.২২-৩৭ তারিখঃ ১৯/০১/২০২৩ খ্রিঃ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রামের স্মারক নং- ৫১.০১.৪৯১৮.০০০.১৪.০০৮.২২-৩১ তারিখঃ- ০৬/০২/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দকৃত অর্থের বিপরীতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রামের প্রাপ্ত প্রকল্প তালিকা আগামী জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণে উপজেলার পার্শ্বে উল্লিখিত সংখ্যক প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ (অর্থ) বরাদ্দ আদেশ জারী করা হলোঃ-

| ক্রঃ নং | উপজেলার নাম | মোট বরাদ্দের পরিমাণ (টাকা) | অনুমোদিত প্রকল্প সংখ্যা | মোট উপবরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ফুলবাড়ী | ২১,৬৫,৯৬০.৯৭ | ১৭ | ২১,৬৫,৯৬০.৯৭ (একুশ লক্ষ পয়ষট্টি হাজার নয়শত ষাট দশমিক নয় সাত টাকা) |

শর্তাবলি:

১। এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও টিআর নির্দেশিকা-২০২১ এর অনুশাসনাবলীসহ (সোলার অংশ ব্যতিরেকে) যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং প্রকল্পের অস্তিত্ব যাচাই বাছাইঅন্তে দ্বৈততা (overlap) পরিহার করে বাস্তবায়নযোগ্য প্রকল্পের বিপরীতে (অর্থ) ছাড় করতে হবে।
২। চলতি ২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ হতে সোলার খাতে কোন প্রকল্প/স্কীম গ্রহণ করা যাবে না।
৩। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর নির্দেশিকা-২০২১ এর ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৪। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলক স্থাপন করা।
৫। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৬। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।
৭। বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্প সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
৮। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ,মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
৯। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষংগিক কাজ সম্পূর্ণ করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করা।
১০। উপ-বরাদ্দকৃত (অর্থ) উত্তোলনপূর্বক অবিলম্বে প্রকল্পের কাজ শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।
১১। বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন যথানিয়মে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
১২। নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীন রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগীয় পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে।
১৩। বজ্রপাত প্রতিরোধে বজ্র নিরোধক দন্ড/যন্ত্র (Lightning Arrester) এর ছাউনি স্থাপন প্রকল্প গ্রহণ করা যাবে;
১৪। জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান, শিক্ষা,ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারী সম্পদ রক্ষার্থে "ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন" প্রকল্প গ্রহণ করা যাবে।
১৫। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে।
১৬। এই ব্যয় চলতি ২০২২-২০২৩ অর্থবছরের বাজেটে ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ হবে।
১৭। প্রকল্প বাস্তবায়নের যাবতীয় হিসাব ও মাস্টাররোল/ ভাউচারাদি নিরীক্ষার জন্য তাঁর কার্যালয়ে (দুর্যোগ ব্যবস্থাপনা শাখা) সংরক্ষণ করতে হবে।

সংযুক্তিঃ অনুমোদিত প্রকল্প তালিকা পাতা।

08.02.2023

(মোঃ আব্দুল হাই সরকার)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
কুড়িগ্রাম
জেলা প্রশাসক কুড়িগ্রাম এঁর পক্ষে
ফোন নং- ০২৫৮৯৯৫০১৫৩
ই-মেইল drrokurigram@ddm.gov.bd

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

# ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ২য় পর্যায়ে অনুমোদিত প্রকল্পের নামের তালিকা।

উপজেলা ঃ ফুলবাড়ী

জেলা ঃ কুড়িগ্রাম।

| প্রকল্প নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থের পরিমাণ |
|---|---|---|---|
| ৩৬. | নাওডাঙ্গা | চর গোরক মন্ডল আনন্দ বাজার কওমী মাদ্রাসা উন্নয়ন। | ৮০,০০০/- |
| ৩৭. | " | কুরুষা ফেরুষা পরেশ চন্দ্র রায়ের বাড়ীর পার্শ্বে মন্দির উন্নয়ন। | ১,৪০,০০০/- |
| ৩৮. | শিমুলবাড়ী | তালুক শিমুলবাড়ী কালামের বাড়ীর উত্তর পার্শ্বে রাস্তায় পার্শ্বে মাটি ভরাট। | ১,০০,০০০/- |
| ৩৯. | " | যতিন্দ্র নারায়ণ হোসেনের বাড়ীর নিকট জামে মসজিদ উন্নয়ন। | ৮০,০০০/- |
| ৪০. | ফুলবাড়ী | পানিমাছকুটি বীরমুক্তিযোদ্ধা সুরুজ্জামান মিয়ার বাড়ী নিকট ইউড্রেন নির্মাণ। | ১,২০,০০০/- |
| ৪১. | " | বজরে খামার মহসিনের বাড়ীর নিকট রিং কালভার্ট নির্মাণ। | ১,০০,০০০/- |
| ৪২. | " | মসল্লিপাড়া নবাবের বাড়ীর নিকট কাঁচা রাস্তায় ইউড্রেন নির্মাণ। | ১,০০,০০০/- |
| ৪৩. | বড়ভিটা | শাহবাজার রংধনু চাষী ক্লাব উন্নয়ন। | ১,৮০,০০০/- |
| ৪৪. | " | নওদাবশ ছবিরন নেছা দাখিল মাদ্রাসা উন্নয়ন। | ১,০০,০০০/- |
| ৪৫. | ভাঙ্গামোড় | আটিয়াবাড়ী আমিনুলের বাড়ীর পূর্ব পার্শ্বের রাস্তায় ইউড্রেন নির্মাণ। | ৯০,০০০/- |
| ৪৬. | " | বোইলভীর টেকনিক্যাল কলেজ সংস্কার। | ৮০,০০০/- |
| ৪৭. | " | পূর্ব রামরাম সেন জামে মসজিদ উন্নয়ন। | ৯০,০০০/- |
| ৪৮. | কাশিপুর | মধ্য কাশিপুর বাজার মসজিদ উন্নয়ন। | ২,৭০,০০০/- |
| ৪৯. | নাওডাঙ্গা | পালপাড়া শ্রী শ্রী গৌর নিতাই নামহট্ট সংঘের উন্নয়ন। | ১,০০,০০০/- |
| ৫০. | ফুলবাড়ী | পূর্ব পানিমাছকুটি বিপ্লবের বাড়ীর নিকট জামে মসজিদ উন্নয়ন। | ২,০০,০০০/- |
| ৫১. | ফুলবাড়ী | উপজেলা পাবলিক লাইব্রেরী সংস্কার। | ১,০০,০০০/- |
| ৫২. | ভাঙ্গামোড় | আটিয়াবাড়ী হোসেন প্রিন্সিপালের বাড়ীর নিকট ইউড্রেন নির্মাণ। | ২,৩৫,৯৬০.৯৭ |
| | | সর্বমোট | ২১,৬৫,৯৬০.৯৭ |

০৫/১/২৬

সবুজ কুমার গুপ্ত
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

০৫/১২/২৩

সুমন দাস
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

মোঃ গোলাম রব্বানী সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

জেলা কর্ণধার কমিটির পরবর্তী সভায়
অনুমোদন সাপেক্ষে
প্রকল্পসমূহ অনুমোদিত

০৬.০২.২০২৬
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর পক্ষে
(মোঃ আব্দুল হাই সরকার)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
কুড়িগ্রাম।